দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. 9 1999
পৃষ্ঠা 6 কলাম 2

# বাউফলে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম আত্মসাত

বাউফল নিজস্ব সংবাদদাতা ঃ শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম আত্মসাতের এক চাঞ্চল্যকর খবর পাওয়া গেছে। বাউফল থানার রামনগর তাঁতেরকাঠি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মোঃ সেলিম মৃধা গত ২৬ মে ২ মাসের গম একত্রে প্রতি ছাত্রছাত্রীকে ১২+১২ মোট ২৪ কেজি গম প্রদান করতে চাইল প্রধান শিক্ষক এতে বাধা দেয়। এর প্রেক্ষিতে প্রধান শিক্ষককে মারধর করতে চায় এবং চোখ উপড়ে ফেলার জন্য চোখের কাছে কলম নেয়। অভিভাবকদের বাধা-প্রতিবাদের মুখে সভাপতি ১৪+১৪ দুই মাসের মোট ২৮ কেজি করে গম দেয় এবং ২০/২৫ জন ছাত্রছাত্রীকে গম না দিয়ে চলে যায়। জনপ্রতি ১৫ কেজি গম দেয়ার কথা থাকলেও তা না দিয়ে বাকি গম আত্মসাত করে। এ বিষয়টি থানা শিক্ষা কমিটির সভায় উথাপিত হলে তৎক্ষণাৎ এক সহকারী শিক্ষা অফিসার দিয়ে তদন্ত করান। সরেজমিনে তদন্তে ঘটনার সত্যতার প্রমাণ পাওয়া যায়।